

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২৭৭১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বক্তব্য “مَنْ غَسَلَ وَاغْتَسَلَ” যা আমরা ব্যাখ্যা করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে হাদীস

ذَكَرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى صِحَّةِ مَنْ تَأَوَّلْنَا قَوْلَهُ: (مَنْ غَسَلَ وَاغْتَسَلَ)

আরবী

2771 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا أَبُو خَثِيمَةَ حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ سَعْدٍ حَدَّثَنَا أَبِي عَنْ ابْنِ إِسْحَاقَ حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ مُسْلِمٍ الزُّهْرِيُّ عَنْ طَاوُسِ الْيَمَانِيِّ قَالَ: قُلْتُ لِابْنِ عَبَّاسٍ: زَعَمُوا أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ:

(اغْتَسَلُوا يَوْمَ الْجُمُعَةِ وَاغْسِلُوا رُؤُوسَكُمْ إِلَّا أَنْ تَكُونُوا جُنُبًا وَمَسُوءًا مِنَ الطَّيِّبِ)

قَالَ: فَقَالَ ابْنُ عَبَّاسٍ: أَمَّا الطَّيِّبُ فَلَا أُدْرِي وَأَمَّا الْغَسْلُ فَنَعَمْ

الراوي : طَاوُسُ الْيَمَانِيِّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2771 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح الترغيب))

(692): خ.

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ: (إِلَّا أَنْ تَكُونُوا جُنُبًا) فِيهِ دَلِيلٌ عَلَى أَنَّ الْاِغْتِسَالَ مِنَ الْجَنَابَةِ يَوْمَ الْجُمُعَةِ بَعْدَ انْفِجَارِ الصَّبْحِ يَجْزِيءُ عَنِ الْاِغْتِسَالِ لِلْجُمُعَةِ وَفِيهِ دَلِيلٌ عَلَى أَنَّ غَسْلَ يَوْمِ الْجُمُعَةِ لَيْسَ بِفَرَضٍ إِذْ لَوْ كَانَ فَرَضًا لَمْ يَجْزِيءُ أَحَدُهُمَا عَنِ الْآخَرِ.

বাংলা

২৭৭১. তাওস আল ইয়ামানী রহিমাহুল্লাহ বলেন, “আমি আব্দুল্লাহ বিন আব্বাস রাযিয়াল্লাহু আনহুমা কে বললাম, “লোকদের ধারণা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “তোমরা জুমু‘আর দিন গোসল করো এবং তোমাদের মাথা ধৌত করো তবে যদি তোমরা জুনুবী হও (তবে ভিন্ন কথা) আর সুগন্ধি স্পর্শ (ব্যবহার) কর।”

আব্দুল্লাহ বিন আব্বাস রাযিয়াল্লাহু আনহুমা বলেন, “সুগন্ধি ব্যাপারটি আমার জানা নেই। আর গোসলের ব্যাপার,

হ্যাঁ, সেটা ঠিক আছে।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বক্তব্য “তবে যদি তোমরা জুনুবী হও” এখানে এই মর্মে দলীল রয়েছে যে, জুমু‘আর দিনে কোন ব্যক্তি যদি সুবহে সাদিক উদিত হওয়ার পর জুনুবী গোসল করে, তবে এটি জুমু‘আর দিনের গোসলের জন্য যথেষ্ট হয়ে যাবে। এখানে আরো দলীল রয়েছে যে, জুমু‘আর দিনে গোসল ফরয নয়। কেননা সেটা ফরয হতো, তবে এক ফরয আরেক ফরযের জন্য যথেষ্ট হতো না।”

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/২৬৫; সহীহ ইবনু খুযাইমাহ: ১৭৫৯; সহীহুল বুখারী: ৮৮৪; মুসান্নাফ আব্দুর রায়যাক: ৫৩০৩; সহীহ মুসলিম: ৮৪৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহত তারগীব: ৬৯২)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ তাওস আল ইয়ামানী (রহ.)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92101>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন